



# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

## অগ্রণী ব্যাংক কর্পোরেট গ্যারান্টির আওতায় ঋণ গ্রহণের আবেদন পত্র আহ্বান (১৯-তম ধাপ)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অগ্রণী ব্যাংক পিএলসি, জাবি শাখা হতে কর্পোরেট গ্যারান্টির বিপরীতে Revolving Loan হোলসেল সাধারণ গৃহ-নির্মাণ ঋণ ১৯-তম ধাপে বিতরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ঋণ গ্রহণে অগ্রণী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও জাবি, স্কুল কলেজের শিক্ষকগণকে এ ঋণ কর্মসূচির আওতায় বিশ্ববিদ্যালয় শিক্ষকগণকে সর্বোচ্চ ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা, কর্মকর্তা ও জাবি স্কুল কলেজ শিক্ষকগণকে সর্বোচ্চ ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা, তৃতীয় শ্রেণির কর্মচারীদের সর্বোচ্চ ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা এবং চতুর্থ শ্রেণির কর্মচারীদের সর্বোচ্চ ১৫.০০ (পনের) লক্ষ টাকা ঋণ প্রদান করা হবে। আবেদনকারীর ঋণের আবেদন উপরোল্লিখিত সর্বোচ্চ সীমার মধ্যে হতে হবে। সর্বমোট ১৮০ (একশত আশি) কিস্তিতে ০.৩০% সার্ভিস চার্জ (এককালীন) এবং ৯% সুদে (৯% ব্যাংক সুদ+(০.৩০% বিশ্ববিদ্যালয়ের সার্ভিস চার্জ এককালীন)) এই ঋণের টাকা পরিশোধযোগ্য।

সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত নীতিমালায় উল্লিখিত শর্তানুযায়ী আবেদনকারীকে ঋণ গ্রহণ ও পরিশোধ করতে হবে। টেকহোম স্যালারির ভিত্তিতে আবেদনকারীগণকে ঋণ মঞ্জুর করা হবে।

এই ঋণের জন্য আবেদনকারীর নিয়মিত চাকুরীকাল (গণনাকৃত বহিষ্কৃত চাকুরিসহ) অবশ্যই পেনশন প্রাপ্যতার যোগ্য হতে হবে এবং চাকুরীতে স্থায়ী হতে হবে। অবসর প্রস্তুতিমূলক ছুটির পূর্ব পর্যন্ত ঋণের আবেদন করতে পারবেন। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<http://juniv.edu/office/registrar-office>) হতে ডাউনলোড করে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে স্ব-স্ব অফিস/বিভাগীয় প্রধানের মাধ্যমে আগামী ০৭.১১.২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে জমা দিতে হবে।

আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের সাথে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা/চুক্তিপত্র সংযুক্ত কপি অনুযায়ী সম্পাদন করতে হবে। ঋণ গ্রহীতা নিজ দায়িত্বে অঙ্গীকারনামা/চুক্তিপত্র নন-জুডিশিয়াল স্ট্যাম্পে মুদ্রিত আকারে যথাস্থানে স্বাক্ষর করতঃ সরবরাহ করবেন। অঙ্গীকারনামা/চুক্তিপত্রে নমিনিরও স্বাক্ষর থাকতে হবে। এই ঋণের জন্য আবেদন করলে তাকে অবশ্যই ঋণ গ্রহণ করতে হবে।

স্বাক্ষর/-ড. এ বি এম আজিজুর রহমান  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

তারিখ : ২২.১০.২৪

স্মারক সংখ্যা : রেজি/সা.প্রশা./ ২২২৭ (২৫০)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রো-উপাচার্য (শিক্ষা), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
২. প্রো-উপাচার্য (প্রশাসন), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
৩. কোষাধ্যক্ষ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
৪. সকল ডিন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
৫. পরিচালক, ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্র ও আইকিউএসি, জাবি, সাভার, ঢাকা
৬. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
৭. পরিচালক, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র, জাবি, সাভার, ঢাকা
৮. সকল প্রভোস্ট, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
৯. প্রক্টর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
১০. সকল বিভাগীয় সভাপতি/পরিচালক, আইবিএ-জেইউ, আইআইটি, বিআইসিএলসি, আইআরএস, সকল অফিস প্রধান, সকল পরিচালক ও সকল ভারপ্রাপ্ত শিক্ষক, জাবি, সাভার, ঢাকা
১১. ভারপ্রাপ্ত শিক্ষক, আইসিটি সেল, জাবি, সাভার, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১২. সভাপতি/সম্পাদক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, জাবি
১৩. সকল ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, জাবি, সাভার, ঢাকা
১৪. অধ্যক্ষ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ, সাভার, ঢাকা
১৫. উপাচার্যের সচিব (ডেপুটি রেজিস্ট্রার), উপাচার্য অফিস, জাবি, সাভার, ঢাকা (মাননীয় উপাচার্যের সদয় জ্ঞাতার্থে)
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার সমিতি, জাবি, সাভার, ঢাকা
১৭. সভাপতি/সাধারণ সম্পাদক, কর্মচারী সমিতি/কর্মচারী ইউনিয়ন, জাবি, সাভার, ঢাকা
১৮. সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান, অগ্রণী ব্যাংক পিএলসি, জাবি. শাখা, সাভার, ঢাকা।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়